

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৪৩/২০১৪

অভিযোগকারী : জনাব ফেরদৌস হাসান

পিতা-মোঃ হাসান আলী শেখ

জেসি রোড, ধানবাড়ি

সিরাজগঞ্জ।

প্রতিপক্ষ : জনাব মোহাম্মদ শহিদুজ্জামান

শিক্ষা অফিসার

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)

উপজেলা শিক্ষা অফিস

সদর, সিরাজগঞ্জ।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ১৫-০৭-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব ফেরদৌস হাসান ০৬-০১-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে সিরাজগঞ্জ সদর উপজেলা শিক্ষা অফিসার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মোহাম্মদ শহিদুজ্জামান বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- ২০১৩ সালে অনুষ্ঠিত প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা বা পিএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী সকল শিক্ষার্থীদের স্কুল ভিত্তিক নাম, রোল নম্বর, মোট প্রাপ্ত নম্বর, গ্রেড এবং বিষয় ভিত্তিক প্রাপ্ত নম্বর।

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ১৮-০২-২০১৭ তারিখে সিরাজগঞ্জ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বেগম বদরুজ্জোহা বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পর আপীল কর্তৃপক্ষ শুনানীঅন্তে আপীল আবেদনটি খারিজ করে দেন। আপীল কর্তৃপক্ষ (আরটিআই) আপীল আবেদন খারিজ করে দেয়ায় অভিযোগকারী ২৭-০৪-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

০৩। বিষয়টি কমিশনের ১৯-০৫-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১০-০৬-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। অভিযোগকারী সময় চেয়ে আবেদন করে গরহাজির কিন্তু দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও তার পক্ষে নিয়োজিত বিজ্ঞ আইনজীবী হাজির। কমিশন কর্তৃক অভিযোগকারীর সময় মঞ্জুর করা হয় এবং ১৫-০৭-২০১৪ তারিখ পুনরায় শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর প্রতি সমন জারী করা হয়।

০৫। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব ফেরদৌস হাসান ও প্রতিপক্ষ সিরাজগঞ্জ সদর উপজেলার শিক্ষা অফিসার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মোহাম্মদ শহিদুজ্জামান হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন তথ্য না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

(অ:প্:দ্র:)

০৬। সিরাজগঞ্জ সদর উপজেলা শিক্ষা অফিসার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীকে তার কার্যালয়ে সংরক্ষিত তথ্য সরবরাহ করা হয়েছে। বিষয়ভিত্তিক নম্বর না থাকায় তা প্রদান করা সম্ভব হয়নি। বিষয়ভিত্তিক নম্বর কেন্দ্রীয়ভাবে সংরক্ষণ করা হয়। অভিযোগকারী প্রাথমিক শিক্ষা অধিদপ্তর হতে অবশিষ্ট তথ্য সংগ্রহ করতে পারেন বলে তিনি উল্লেখ করেন।

পর্যালোচনা।

অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উভয়ের বক্তব্য শবনান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে তার কার্যালয়ে সংরক্ষিত তথ্য সরবরাহ করেছেন। বিষয়ভিত্তিক নম্বর কেন্দ্রীয়ভাবে সংরক্ষণ করা হয়ে থাকে। অভিযোগকারীকে সংশ্লিষ্ট দপ্তর হতে অবশিষ্ট তথ্য সংগ্রহ করার নির্দেশনা প্রদান পূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা যেতে পারে।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। অভিযোগকারীকে সংশ্লিষ্ট দপ্তর হতে বিষয়ভিত্তিক নম্বর সংগ্রহ করার নির্দেশনা দেয়া হলো।
- ২। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার